

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়, খুলনা
সরদার টাওয়ার (৯ম তলা)
০১ নং কাস্টমস ঘাট মোড়, খুলনা-৯১০০
www.bbs.khulna.gov.bd



নং-৫২.০১.৪৭০০.০০০.০৬.০৬০.১৪-২৫১

তারিখ: ২০ আশ্বিন ১৪৩৩
০৫ অক্টোবর ২০২৬

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত “ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ-২০২৬” এ খুলনা জেলায় চাকুরীসূত্রে/স্থায়ীভাবে বসবাসকৃত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সদস্য সম্পর্কিত তথ্য প্রদানে সহযোগিতাকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে আর্থ-সামাজিক, জনমিতি, কৃষি, শিক্ষা, শিল্প, শ্রম, স্বাস্থ্য, জলবায়ু ও অর্থনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করে থাকে। বাংলাদেশের সংবিধানের ২৩ক অনুচ্ছেদ অনুযায়ী উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায় দেশের বৈচিত্রময় জনগোষ্ঠীর অবিচ্ছেদ্য অংশ। তাদের নিজস্ব বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি ঐতিহ্য ভাষা ও জীবনধারা রয়েছে। বাংলাদেশে সরকারিভাবে স্বীকৃত ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জাতিসত্তা রয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহারে পঞ্চম অংশে ধর্ম, সমাজ, সংস্কৃতি ও জাতীয় সংহতির মধ্যে পাহাড় ও সমতলের ক্ষুদ্র/Ethnic Communities কে অগ্রাধিকার দেওয়ার কথা বলা আছে। দেশের উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ করার লক্ষ্যে বিবিএস কর্তৃক “ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জরিপ- ২০২৬” পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে ০১ অক্টোবর, ২০২৬ খ্রি. তারিখ হতে সরাসরি সাক্ষাৎকার পদ্ধতিতে ট্যাবলেট ডিভাইসের মাধ্যমে Computer-Assisted Personal Interviewing (CAPI) প্রযুক্তি ব্যবহার করে দেশব্যাপী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ফুল কাউন্ট জরিপের তথ্যসংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে, যা আগামী ২৫ অক্টোবর, ২০২৬ তারিখ পর্যন্ত চলমান থাকবে। খুলনা জেলায় সরকারিভাবে স্বীকৃত ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্য বিভিন্ন সরকারি, বেসরকারি, ব্যাংক, বীমা, এনজিও ইত্যাদি প্রতিষ্ঠানে কর্মরত থাকতে পারে। তাদেরকে এই জরিপে অন্তর্ভুক্ত করা একান্ত প্রয়োজন।

০২. এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান এবং এর অধস্থান/অধীন প্রতিষ্ঠানে যদি ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোন সদস্য কর্মরত থাকে অথবা আপনার নিকট ব্যক্তিগতভাবে পরিচিত এমন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সদস্য যিনি অত্র জেলায় বসবাস করেন। জাতীয় গুরুত্বপূর্ণ কার্যক্রমে তাদের সম্পর্কে নিম্ন স্বাক্ষরকারীর মোবাইল নাম্বারে (What's app) তথ্য প্রদান করার জন্য আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

সংযুক্তি: ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর গেজেটেড তালিকা

প্রাপক

.....

.....

.....

০৫/১০/২০২৬

(মো: আইয়ুব হোসেন)

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা পরিসংখ্যান কার্যালয়, খুলনা

☎ ০১৭১৬-৮৮১০০৯

E-mail:- ddkhulna47@gmail.com

অনুলিপি:

১. যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা।

২. অফিস কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ: ০৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-৭৮-আইন/২০১৯।—ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ (২০১০ সনের ২৩ নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের তফসিলের পরিবর্তে নিম্নবর্ণিত নতুন তফসিল প্রতিস্থাপন করিল, যথা :—

“তফসিল

[ধারা ২(১) ও ধারা ১৯ দ্রষ্টব্য]

[বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাম]

ক্রমিক নম্বর	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাম
১।	ওরাওঁ
২।	কোচ
৩।	কোল
৪।	খাসিয়া/খাসি
৫।	খিয়াং
৬।	খুমি
৭।	গারো

(১৩৭০৭)

মূল্য : ৪.০০ টাকা

ক্রমিক নম্বর	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাম
৮।	চাক
৯।	চাকমা
১০।	ডালু
১১।	তঞ্চঙ্গ্যা
১২।	ত্রিপুরা
১৩।	পাংখোয়া/পাংখো
১৪।	বম
১৫।	বর্মণ
১৬।	মণিপুরী
১৭।	মারমা
১৮।	পাহাড়ী/মালপাহাড়ী
১৯।	মুন্ডা
২০।	ম্রো
২১।	রাখাইন
২২।	লুসাই
২৩।	সাঁওতাল
২৪।	হাজং
২৫।	মাহাতো/কুর্মি মাহাতো/বেদিয়া মাহাতো
২৬।	কন্দ
২৭।	কড়া
২৮।	গঞ্জু
২৯।	গড়াইত
৩০।	গুর্খা
৩১।	তেলী
৩২।	তুরি
৩৩।	পাত্র
৩৪।	বাগদী

ক্রমিক নম্বর	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাম
৩৫।	বানাই
৩৬।	বড়াইক/বাড়াইক
৩৭।	বেদিয়া
৩৮।	ভিল
৩৯।	ভূমিজ
৪০।	ভূইমালী
৪১।	মালো/ঘাসিমালো
৪২।	মাহালী
৪৩।	মুসহর
৪৪।	রাজোয়াড়
৪৫।	লোহার
৪৬।	শবর
৪৭।	হুদি
৪৮।	হো
৪৯।	খারিয়া/খাড়িয়া
৫০।	খারওয়ার/খেড়োয়ার।

”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নিজাম উদ্দিন

অতিরিক্ত সচিব।